

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৪, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা -১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ০৯ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ/২৪ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.৪২১.২০১৪-১৫৭১—যেহেতু, জনাব মোঃ নজরুল ইসলাম খান, চেয়ারম্যান, নাজিরপুর উপজেলা পরিষদ, পিরোজপুর-এর বিরুদ্ধে দায়েরকৃত নাজিরপুর থানার জিআর ১১১/২০১৩, জিআর ১১০/২০১৩, জিআর ১০০/২০১৪, জিআর ১০/২০১৫ (এসটিসি-৪/১৬) ও জিআর ১১৭/২০১৫ (এসটিসি-৩/১৬), পিরোজপুর থানার জিআর ১৪/২০১৫ (এসটিসি-২৫/১৫) ও জিআর-১৫১/১১ ও ভান্ডারিয়া থানার জিআর-২৫৯/১০ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ নজরুল ইসলাম খান, চেয়ারম্যান, নাজিরপুর উপজেলা পরিষদ, পিরোজপুর-এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ নজরুল ইসলাম খানকে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

ড. জুলিয়া মঈন  
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(১৬১৯১)

মূল্য : টাকা ৪.০০